

রিটার্ন টু
স্কুল
2020



লার্নিং ব্রিজেস্ প্রোগ্রাম

এই ফল-এ (হেমন্তে) যখন নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন সশরীরে স্কুল শুরু করবে, অধিকাংশ স্কুল এবং আর্লি চাইল্ডহুড প্রোগ্রামগুলো মিশ্র শিক্ষা (ব্লেণ্ডেড লার্নিং) মডেলে পরিচালিত হবে। এ অর্থ হলো, প্রতি সপ্তাহে শিক্ষার্থীরা কিছু দিন সশরীরে স্কুলে যাবে, কিছু দিন দূর থেকে স্কুল করবে। লার্নিং ব্রিজেস্ একটি নতুন প্রোগ্রাম যা 3-K থেকে 8 গ্রেডের শিক্ষার্থীরা দূর থেকে (রিমোট) শিক্ষায় নিয়োজিত থাকবে যে দিনগুলোতে, সে দিনগুলোতে বিনামূল্যে চাইল্ড কেয়ার (শিশু তত্ত্বাবধান) লাভের সুযোগ দেবে। যদি আপনি লার্নিং ব্রিজেস্ প্রোগ্রামে আগ্রহী হন, অনুগ্রহ করে schools.nyc.gov/learningbridges ওয়েবপেজে দেয়া জরিপটি পূরণ করুন।

লার্নিং ব্রিজ প্রোগ্রাম:

- কমিউনিটি-ভিত্তিক সংগঠন ও অন্যান্য অংশীদারদের দ্বারা পরিচালিত হবে
- ছেলেমেয়েদের দূর থেকে শিক্ষণে সংযুক্ত হওয়ার সুযোগ দেবে
- শিল্পকলা, বিনোদন, এবং অন্যান্য বয়োসোপযোগী কর্মকাণ্ডের সময় অন্তর্ভুক্ত থাকবে
- সকল স্বাস্থ্য ও নিরাপত্তার শর্ত ও নিয়ম মেনে চলবে

স্কুলের সময়সূচি এখনও জানতে না পারলেও আপনি জরিপটি পূরণ করতে পারবেন। এই জরিপের উদ্দেশ্য হলো আগ্রহ সম্পর্কে ধারণালাভ করা; এটি নিয়মিত আবেদনপত্র নয়। ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (3-K এবং প্রি-K-এর ছেলেমেয়ে) বা ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট (K-8-এর ছেলেমেয়ে) আসন্ন সপ্তাহগুলোতে মধ্যে একটি সম্ভাব্য স্থান লাভ বিষয়ে আরও তথ্য প্রদান করবে। প্রোগ্রামগুলো স্কুলের শুরুতে একটি চক্রাকার ভিত্তিতে (পর্যায়ক্রমিকভাবে) লভ্য হবে।

জরিপ পূরণে সহায়তার জন্য আপনারা 311 নম্বরে ফোনও করতে পারেন।

